দৈনিক সংবাদ

023

তারিখ 10 SEP 1987
পৃষ্ঠা ১ কলাম ৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ২৭শে সেপ্টেম্বর ক্লাস শুরুর সিদ্ধান্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী ২৭শে সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু এবং ২২শে সেপ্টেম্বর আবাসিক হলগুলো খুলে দেয়ার দিন ঠিক হয়েছে।

গতকাল বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের মুলতবী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয় বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। তবে রাত সাড়ে ১০টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন ঘোষণা দেননি। গতরাতে একজন সিন্ডিকেট সদস্যকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান ক্লাস এবং হল খোলার তারিখ নির্ধারিত হয়েছে ঠিকই তবে ঘোষণা কেন দেয়া হয়নি তা

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

তিনি জানেন না।

## পরীক্ষার তারিখ

গতকাল অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সকল ডীন, চেয়ারম্যান এবং পরিচালকদের এক যৌথ সভায় কয়েকটি পরীক্ষার ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়। সে অনুযায়ী বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের ১৯৮১-৮২ শিক্ষাবর্ষের অনার্স পরীক্ষা (কোর্স পদ্ধতি) আগামী ১৫ই অক্টোবর থেকে এবং ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ (সম্মান) সমাপনী পরীক্ষা ১০ই নভেম্বর থেকে ও সাবসিডিয়ারী পরীক্ষা ২৫শে নভেম্বর থেকে শুরু হবে।

গতকাল পাঠানো বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব পরীক্ষার তারিখ জানানোর পাশাপাশি বলা হয়, ১৯৮২-৮৩ শিক্ষাবর্ষের তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষা আগামী ১৫ই ডিসেম্বর থেকে শুরু হবে। ইতিপূর্বে ঘোষণা করা হয়েছিল যে এই শিক্ষাবর্ষের কোর্স পদ্ধতির সম্মান পরীক্ষা আগামী ২৪শে সেপ্টেম্বর থেকে শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা রাতে টেলিফোন করে জানান, নতুন ঘোষিত তারিখটি শুধু বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের অনার্স পরীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য।